

দৈনিক

ইত্তেফাক

প্রতিদিন অজাহার হোসেন যাদিক মিয়া

ক্যাডেট কলেজের মধ্যে বরিশাল ক্যাডেট শ্রেষ্ঠ



২১ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মি:

বরিশাল অফিস

এ বছর এইচএসসি পরীক্ষায় বরিশাল ক্যাডেট কলেজ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। সারাদেশের ১২টি ক্যাডেট কলেজের মধ্যে বরিশাল ক্যাডেট কলেজ শ্রেষ্ঠত্ব প্রমাণ করেছে। বরিশাল ক্যাডেট কলেজ থেকে মোট ৫১ জন ক্যাডেট পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছে। এদের মধ্যে ৩৮ জন সব বিষয়ে গোল্ডেন জিপিএ-৫ অর্জন করেছে। বরিশাল ক্যাডেট কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আতিকুর রহমান জানান, শিক্ষকদের ঐকান্তিক প্রচেষ্টায় শিক্ষার্থীরা সাড়া দিয়ে অক্লান্ত পরিশ্রম করেছে এবং অভিভাবকদের সহযোগিতায় এ সাফল্য অর্জিত হয়েছে।

তারপ্রাণ সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত